

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৭৫৫

তারিখ : ৩১ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ০৬ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....

নাগেশ্বরী, কুড়িগ্রাম।


সদস্য সচিব

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উকৃঅ/নাগ/কুড়ি/২০২২/ ৭৫৫(৩)

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষরিত

সদস্য সচিব

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি






ও

উপজেলা কৃষি অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ০৬ এপ্রিল ২০২২ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---------|---|------------|--|---------|
| ১ | মোঃ রুকনুজ্জামান ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সভাপতি |  ০৬-০৪-২২ | |
| ২ | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য |  | |
| ৩ | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য |  | |
| ৪ | অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য |  ০৬-০৪-২২ | |
| ৫ | মোঃ শাহরিয়ার হোসেন, উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য সচিব |  | |

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।


সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি অফিসার জানান বর্গিত বিষয়ে তেমন কোন আলোচনা না থাকায় তিনি পরবর্তী বিষয়ে আলোচনার জন্য সভায় অনুরোধ করেন।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বাজার পরিস্থিতি নিয়ন্ত্রণে সিন্ডিকেটকে দায়ী করে, তিনি সিন্ডিকেটকারীদের চিহ্নিত করতে সকলের সহযোগিতা কামনা করেন। এ দেশে বিভিন্ন পরিস্থিতির সুযোগ নিয়ে একশ্রেণির অসাধু ব্যবসায়ী সিন্ডিকেট করে পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে থাকে। আবার সাধারণ মানুষও দামবৃদ্ধির আশঙ্কায় আগেভাগে বেশি পরিমাণে পণ্য কিনে মজুত করে। এ কারণেও বাজারে সৃষ্টি হয় সংকট। কাজেই মানুষকেও এ ব্যাপারে সচেতন হতে হবে জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি জানান যে, সরকার গৃহীত উদ্যোগগুলো বাস্তবায়িত হলে বাজারে অস্থিরতার তাৎক্ষণিক সমাধান হয়তো মিলবে। তবে মধ্য ও দীর্ঘমেয়াদে খাদ্য সংকট এবং বাজার কারসাজি সমস্যার সমাধানে প্রয়োজন দেশে খাদ্য উৎপাদন বাড়ানো। মাননীয় প্রধানমন্ত্রীও দেশব্যাপী খাদ্য উৎপাদন বাড়ানোর মাধ্যমে সংকট মোকাবিলায় প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন মর্মে সভায় জানান।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ রুকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।